



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি
বাড়ি-৪৪, সড়ক- ১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd



স্মারক নং- এইচএসপি/মাঠ পর্যায়ে যোগাযোগ/০৪/২০২০ (অংশ-১)/৭৮

তারিখ: ০৮/০৪/২০২৫ খ্রি.

বিষয়: সমন্বিত উপবৃত্তি কর্মসূচি'র HSP-MIS সফটওয়্যারে OTP এর মাধ্যমে লগইন করতে না পারা শিক্ষা প্রতিষ্ঠানসমূহের তথ্যাদি প্রেরণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের আওতায় বাস্তবায়নধীন সমন্বিত উপবৃত্তি কর্মসূচি হতে নির্বাচিত সুবিধাভোগী শিক্ষার্থীদের উপবৃত্তি, টিউশন ফিসহ অন্যান্য আর্থিক সহায়তা প্রদানের ক্ষেত্রে HSP-MIS সফটওয়্যার ব্যবহার করা হয়।

০২। সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় HSP-MIS সফটওয়্যারটি রক্ষণাবেক্ষণ এবং কারিগরি উন্নয়নের কাজে অর্থ বিভাগের BACS and iBAS++ স্কিম নিয়োজিত আছে। সম্প্রতি HSP-MIS সফটওয়্যারের নিরাপত্তা রক্ষা এবং শিক্ষা প্রতিষ্ঠান হতে HSP-MIS সফটওয়্যার ব্যবহার করার ক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার লক্ষ্যে HSP-MIS সফটওয়্যারে লগইন করার ক্ষেত্রে OTP (One-Time Password) সিস্টেম সংযোজন করা হয়। ফলে HSP-MIS সফটওয়্যারে লগইন করার সময় প্রতিবার সংশ্লিষ্ট ইউজারের মোবাইল নম্বরে প্রেরিত OTP এর মাধ্যমে ভেরিফিকেশন নিশ্চিত করতে হবে।

০৩। বর্ণিত অবস্থায়, স্কিমভুক্ত কোন শিক্ষা প্রতিষ্ঠান যদি OTP এর মাধ্যমে HSP-MIS সফটওয়্যারে লগইন করতে না পারে সে ক্ষেত্রে ইউজার প্রোফাইল সংশোধন করার লক্ষ্যে নিম্নবর্ণিত ছক মোতাবেক উক্ত শিক্ষা প্রতিষ্ঠানের সঠিক তথ্যাদি উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার মাধ্যমে সুপারিশসহ mis.hsp@pmeat.gov.bd ই-মেইলে জরুরিভিত্তিতে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার মাধ্যমে সুপারিশসহ ই-মেইলে তথ্যাদি পাওয়ার পর অত্র দপ্তর হতে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের ইউজার প্রোফাইল হালনাগাদ করা হবে। শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক সরাসরি ই-মেইলে তথ্য প্রেরণ করা হলে তা গ্রহণযোগ্য হবে না।

‘তথ্য ছক’

| Sl. No | Name of the Institution | EIIN No/ USER ID | Name of the Institution Head | Designation | NID Number of Institution Head | Registered Mobile Number of Institution Head | Remarks |
|--------|-------------------------|------------------|------------------------------|-------------|--------------------------------|--|---------|
| | | | | | | | |

সংযুক্ত: আবদেনের নমুনা কপি ০১ (এক) পাতা।

উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা
সকল উপজেলা/থানা।

(মোহাম্মদ আসাদুল হক)
স্কিম পরিচালক (যুগ্মসচিব)
ফোন: ০২-৫৫০০২০৭৩

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। প্রোগ্রাম কো-অর্ডিনেটর (অতিরিক্ত সচিব), পিসিইউ, এসইডিপি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ০৩। ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
- ০৪। প্রোগ্রাম এক্সিকিউটিভ এন্ড কো-অর্ডিনেটর, BACS and iBAS++ স্কিম, SPFMS কর্মসূচি, অর্থ বিভাগ।
- ০৬। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সকল উপজেলা।
- ০৫। জেলা শিক্ষা অফিসার, সকল জেলা।
- ০৬। সকল কর্মকর্তা, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
- ০৭। শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, স্কিমভুক্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান।
- ০৮। সহকারী প্রোগ্রামার, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

বরাবর

স্কিম পরিচালক

সমন্বিত উপবৃত্তি কর্মসূচি

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

ধানমন্ডি, ঢাকা।

মাধ্যম: উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, উপজেলা:, জেলা: ।

বিষয়: শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের মোইলন নম্বরে OTP প্রাপ্তি প্রসঙ্গে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যে, সমন্বিত উপবৃত্তি কর্মসূচির HSP-MIS সফটওয়্যারে লগইন করার ক্ষেত্রে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের মোবাইল নম্বরে OTP প্রাপ্তির লক্ষ্যে নিম্নোক্ত ছকে চাহিত মোতাবেক তথ্য প্রেরণ করা হলো:-

| Sl. No | Name of the Institution | EIIN No/ USER ID | Name of the Institution Head | Designation | NID Number of Institution Head | Registered Mobile Number of Institution Head | Remarks |
|--------|-------------------------|------------------|------------------------------|-------------|--------------------------------|--|---------|
| | | | | | | | |

শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের

স্বাক্ষর, তারিখ ও সীল

উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার সুপারিশ

স্বাক্ষর, তারিখ ও সীল

- ১৫/৪/১৮